



খুলনায় ১১ দলীয় ঐক্যজোটের বিভাগীয় সমাবেশ শনিবার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

খুলনা বিভাগে বড় ধরনের রাজনৈতিক সমাবেশ আয়োজন করতে যাচ্ছে ১১ দলীয় ঐক্যজোট। আগামী ২০ জুন (শনিবার) দুপুর ২টায় খুলনা মহানগরীর ঐতিহাসিক সার্কিট হাউস ময়দানে এ সমাবেশ অনুষ্ঠিত হবে।

বুধবার (১৭ জুন) এক বিবৃতিতে জানানো হয়, গণভোটের রায় বাস্তবায়ন এবং জনদুর্ভোগ কমানোর দাবিকে কেন্দ্র করে এই কর্মসূচি নেওয়া হয়েছে।

সমাবেশে ১১ দলীয় জোটের শীর্ষ নেতারা উপস্থিত থাকবেন। বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানসহ কেন্দ্রীয় নেতাদের বক্তব্য রাখার কথা রয়েছে।

অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য মিয়া গোলাম পরওয়ার।

দলীয় বিবৃতিতে বলা হয়েছে, সমাবেশ সফল করতে ইতোমধ্যে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। খুলনা বিভাগের বিভিন্ন জেলা থেকে বিপুল সংখ্যক মানুষের অংশগ্রহণের আশা করা হচ্ছে।

আয়োজকরা জানান, এটি একটি বিভাগীয় পর্যায়ের বড় রাজনৈতিক জমায়েত হবে এবং কর্মসূচি ঘিরে দলীয় নেতাকর্মীদের মধ্যে উৎসাহ দেখা যাচ্ছে।

সমাবেশে অংশ নিতে খুলনা বিভাগের সর্বস্তরের জনগণকে আহ্বান জানিয়েছে ১১ দলীয় ঐক্যজোট।